

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.৯৯.০০১.২১.১৩

তারিখ: ৫ মাঘ ১৪২৮

১৯ জানুয়ারি ২০২২

বিষয়: ঝালকাঠি জেলার কাঠালিয়া উপজেলাধীন শহীদ রাজা ডিগ্রি মহাবিদ্যালয়ের অধ্যক্ষ জনাব মোঃ আবুল বাসার হাওলাদারের মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-২৯২১/২০২০-এর আদেশের বিষয়ে কার্যক্রম গ্রহণ।

সূত্র: উপজেলা নির্বাহী অফিসার, কাঠালিয়া, ঝালকাঠি এর স্মারক নং-০৫.১০.৪২৪৩.০০৩.২০.১১৩.২১.৩১
তারিখ-০৯.০১.২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঝালকাঠি জেলার কাঠালিয়া উপজেলাধীন শহীদ রাজা ডিগ্রি মহাবিদ্যালয়ের অধ্যক্ষ জনাব মোঃ আবুল বাসার হাওলাদারের মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-২৯২১/২০২০ নং মোকদ্দমায় ১২.০৩.২০২০ তারিখের আদেশ প্রদান করেন যে “Pending hearing of the Rule, the parties are directed to maintain status-quo in respect of possession and position of the petition for a period of 3 (three) months from date.” ঐ তারিখে কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে জনাব সমীর কুমার সাহা দায়িত্ব পালন করিতেছেন। উক্ত রিট পিটিশন নং-২৯২১/২০২০ নিষ্পত্তি না হওয়া পর্যন্ত কলেজে অধ্যক্ষ পদে নিয়োগ দেয়া সম্ভাব নয়। উক্ত পদে স্থিতিবস্থা বজায় রয়েছে। যেহেতু উক্ত কলেজের অধ্যক্ষ ১০.০৩.২০২০ তারিখে চাকুরি হতে বরখাস্ত হয়েছেন এবং ১২.০৩.২০২০ তারিখে মহামান্য হাইকোর্ট থেকে স্থিতিবস্থা নিয়েছেন। কিন্তু মামলাটি এখনো চূড়ান্ত নিষ্পত্তি হয়নি।

ঝালকাঠি জেলার শহীদ রাজা ডিগ্রি কলেজের অধ্যক্ষ জনাব মোঃ আবুল বাসার (বাদশা)- এর বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশন কর্তৃক অভিযোগের প্রেক্ষিতে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। পর্যালোচনায় দেখা যায় যে : শহীদ রাজা ডিগ্রি কলেজের বরখাস্তকৃত অধ্যক্ষের নিয়োগ জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিদ্যমান বিধি অনুযায়ী সঠিক হয়নি এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের নিয়োগ সংক্রান্ত একটি পত্র টেম্পারিং এর অভিযোগ প্রমাণিত হয়।

শিক্ষা মন্ত্রণালয়ের জনবল কাঠামো-২০১০ এর শর্ত অনুযায়ী তার শিক্ষাগত যোগ্যতা (সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র জীবনে একটি তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণ যোগ) থাকলেও তিনি টেম্পারিং তথা জালিয়াতির আশ্রয় নিয়েছেন। বর্ণিত বিষয়ে অধ্যক্ষের জবাব চাওয়া হলে ভারপ্রাপ্ত অধ্যক্ষ জবাবে উল্লেখ করেন যে, বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মোঃ আবুল বাসার হাওলাদারের নিয়োগ জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিদ্যমান বিধি অনুযায়ী হয়নি এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের চিঠি টেম্পারিংয়ের বিষয়টি জাতীয় বিশ্ববিদ্যালয়ের আইন শাখায় সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ অধ্যক্ষ পদে নিয়োগ বাতিলের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ করে। সেই প্রেক্ষিতে গভর্নিং বডি বিগত ১০/০৩/২০২০ খি. সর্বসম্মতিক্রমে রেজুলেশনে মাধ্যমে অধ্যক্ষ পদে নিয়োগ বাতিলপূর্বক তাকে স্থায়ীভাবে বরখাস্ত করে।

এমতাবস্থায়, মহামান্য হাইকোর্টে মামলা চূড়ান্ত নিষ্পত্তি না হওয়া পর্যন্ত এবং গত ০৩.০১.২০২২খি. তারিখে ৩৭.০০.০০০০.০৯৪.৯৯.০০১.২১.৩ স্মারকের পত্রটি নির্দেশক্রমে এতদ্বারা বাতিল করা হলো।



১৯-১-২০২২

মোঃ সেলিম সিকদার

সহকারী সচিব

ফোন: ৪১০৫০৯৯৭

ইমেইল: law.section2@shed.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার, কাঠালিয়া, ঝালকাঠি

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.৯৯.০০১.২১.১৩/১(৬)

তারিখ: ৫ মাঘ ১৪২৮

১৯ জানুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
- ২) সচিব এর একান্ত সচিব, , সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৫) সভাপতি, গভার্নিং বডি, শহীদ রাজা ডিগ্রি কলেজ, কাঠালিয়া, ঝালকাঠি।
- ৬) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



১৯-১-২০২২

মোঃ সেলিম সিকদার

সহকারী সচিব